গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০৪৫.২১.৮৭ তারিখ: ২১ পৌষ ১৪২৮
০৫ জানুয়ারি ২০২২

বিষয়: **চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন হাঁসা ফাযিল মাদ্রাসার সহকারী গ্রন্থাগারীক জনাব মুহাম্মদ নুরুল আলম (ইনডেক্স নং-C070372) এর প্রার্থীত পদবী সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (০১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর এর স্মারক নং-উমাশিঅ/ফরিদ/চাঁদ/২০২১/৪৮৪; তারিখ: ০৩.০২.২১খ্রি.
(০২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.১৫.০০৮.২১.৩৫২; তারিখ: ২৩.০২.২০২১খ্রি.
(০৩) জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ), মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৭৬.২০-৮২ তারিখ: ২৩.০৩.২০২১খ্রি. এর তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন হাঁসা ফাযিল মাদ্রাসার সহকারী গ্রন্থাগারীক জনাব মুহাম্মদ নুরুল আলম (ইনডেক্স নং-C070372) এর এমপিও শীটে পদবী সংশোধনের আবেদন সূত্রোক্ত (০১) নং স্মারকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদগঞ্জ, নোয়াখালী এর মাধ্যমে অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। পদবী সংশোধন সংক্রান্ত আবেদনটির সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে সূত্রোক্ত (০২) নং স্মারকে মাধ্যমে জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ), মাদরাসা শিক্ষা অধিদপ্তরকে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য পত্র প্রেরণ করা হয়।

০৩। সূত্রোক্ত (০৩) নং স্মারকের মাধ্যমে জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ), মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একটি তদন্ত প্রতিবেদন অত্র অধিদপ্তরে দাখিল করা হয়। (কপি সংযুক্ত)

০৪। জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ), মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর মতামত- "এমপিও শীটে জনাব মুহাম্মদ নুরুল আলম, এর পদবী LIB মুদ্রিত আছে ও নিয়োগ ও যোগদানপত্রসহ নিয়োগ সংক্রান্ত কাগজ-পত্রে পদবী LIB উল্লেখ আছে এবং এমপিও শিটে বেতন কোড ১০ উল্লেখ আছে যা সহকারী গ্রন্থাগারীক পদবীর ক্ষেত্রে প্রযোজ্য। জনাব মুহাম্মদ নুরুল আলমকে গ্রন্থাগারীক পদে ১৯৯৫ সালের জনবল কাঠামো অনুযায়ী নিয়োগ প্রদান করা হয়। ১৯৯৫ সালের জনবল কাঠামোতে গ্রন্থাগারিকের পদটিকে সহকারী গ্রন্থাগারিক পদে পরিবর্তন করা হলেও বর্ণিত ব্যাক্তিকে গ্রন্থাগারিক হিসেবে নিয়োগ প্রদান করা হয়। ২০১৮ সালে জনবল কাঠামো জারী হওয়ার পূর্ব পর্যন্ত ফাযিল ও কামিল মাদ্রাসার স্টাফ প্যাটার্ণে সহকারী গ্রন্থাগারীকের পদটি ছিল। ২০১৮ সালের জনবল কাঠামোতে ফাযিল ও কামিল মাদ্রাসার স্টাফ প্যাটার্ণে গ্রন্থাগারিক নামে নতুন একটি পদ সৃজন করা হয়। বিধায়, তাঁর প্রকৃত পদবী AL মর্মে জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শিটে মুদ্রিত পদবী LIB এর স্থলে AL সংশোধনের জন্য আবেদন করেছেন এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ গভর্নিং বডির সদস্যবৃন্দ LIB এর স্থলে AL সংশোধনের সুপারিশ করেছেন। বিধায় চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন হাঁসা ফাযিল মাদ্রাসার সহকারী গ্রন্থাগারীক জনাব মুহাম্মদ নুরুল আলম (ইনডেক্স নং-C070372) এর এমপিও শিটে পদবী LIB এর স্থলে AL সংশোধন করা যেতে পারে।" (কপি সংযুক্ত)

০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর এর সুপারিশসহ অগ্রায়ণ এবং জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ), মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মুহাম্মদ নুরুল আলম (ইনডেক্স নং-C070372) এর তথ্য এবং প্রার্থীত পদবী নিম্নরূপঃ

| ক্রমিক নং | নাম, পদবী,ইনডেক্স ও প্রতিষ্ঠনের ঠিকানা | গ্রন্থাগারিক পদে যোগদানের তারিখ | এমপিও শীটে বিদ্যমান পদবী | প্রার্থীত পদবী | মন্তব্য |
|---|---|---|---|---|---|

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মুহাম্মদ নুরুল আলম, সহকারী গ্রন্থাগারীক (ইনডেক্স নং-C070372)হাঁসা ফাযিল মাদ্রাসা, ফরিদগঞ্জ, চাঁদপুর | ০৮/০৪/১৯৯৯ খ্রি. | পদবী - LIB | পদবী- AL | এমপিও শীটে বিদ্যমান পদবী LIB এর পরিবর্তে আবেদনকারীর প্রার্থীত পদবী AL সংশোধন যোগ্য। |

০৬। এমতাবস্থায়, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর এর সুপারিশসহ অগ্রায়ণ এবং জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ), মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী মুহাম্মদ নুরুল আলম (ইনডেক্স নং-C070372) এর পদবী সংশোধনক্রমে LIB এর স্থলে AL সংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট তদন্তকারীগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে। **কোনরূপ বকেয়া দাবি করতে পারবে না।**

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত সহকারী গ্রন্থাগারিক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

সংযুক্তি: ০৯ ফর্দ।

৫-১-২০২২
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০৪৫.২১.৮৭/১

তারিখ: ২১ পৌষ ১৪২৮
০৫ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, চাঁদপুর।
২) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর ।
৪) সভাপতি/অধ্যক্ষ, হাঁসা ফাযিল মাদ্রাসা, ফরিদগঞ্জ, চাঁদপুর ।
৫) জনাব মুহাম্মদ নুরুল আলম, সহকারী গ্রন্থাগারীক (ইনডেক্স নং-C070372) হাঁসা ফাযিল মাদ্রাসা, ফরিদগঞ্জ, চাঁদপুর ।
৬) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর

৫-১-২০২২
মো: বাদশা মিয়া
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)